



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.২১.০০১.২১.৭৬

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৩ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: “নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন (১ম সংশোধিত) সংক্রান্ত প্রকল্প”র আওতায় শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ে
প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণার্থীর তালিকা অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র: বর্ণিত প্রকল্পের স্মারক নং-মাশিঅ/নিমাউ/শিক্ষক প্রশিক্ষণ (অংশ-২)/২০২৩-৭৯৮; তারিখ ১৭/০৫/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন “নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন (১ম সংশোধিত) সংক্রান্ত প্রকল্প”র আওতায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর-এ (শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা) ২৫/০৫/২০২৩ তারিখ থেকে ০৬/০৬/২০২৩ তারিখ পর্যন্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ৪০ জন প্রশিক্ষণার্থীর তালিকা অনুমোদনের জন্য অত্র অধিদপ্তরে প্রেরণ করেছেন। প্রকল্প পরিচালক কর্তৃক প্রেরিত ৪০ জন প্রশিক্ষণার্থীর তালিকা নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে অনুমোদন করা হলো।

- তালিকায় প্রশিক্ষণার্থীর নাম যেন পুনরাবৃত্তি (Repeation) না হয় তা নিশ্চিত করতে হবে;
- প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীগণের তালিকা আবশ্যিকভাবে MEMIS সফটওয়্যারের ডাটাবেইজে এন্ট্রি নিশ্চিত করতে হবে। ব্যত্যয় ঘটলে প্রকল্প পরিচালক দায়ী থাকবেন;
- মনোনীত শিক্ষকগণের মধ্যে অনুপস্থিতির তালিকা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০৬.০৯.০০১.২১.৩৫; তারিখ: ২০/০৫/২০২১খ্রি.-এ বর্ণিত ছকে কোর্স সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে Compliance Report প্রেরণ করতে হবে এবং একই সাথে পরবর্তী কোর্স শুরু হওয়ার পূর্বে MEMIS সফটওয়্যারের ডাটাবেইজে এন্ট্রির তথ্য প্রেরণ করতে হবে;
- প্রয়োজনে মোবাইলে/ব্যক্তিগতভাবে যোগাযোগপূর্বক প্রেরিত তালিকা অনুযায়ী সকল প্রশিক্ষণার্থীর উপস্থিতি নিশ্চিত করতে হবে;
- যুক্তিসংগত ও গ্রহণযোগ্য কারণ ব্যতীত মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তা প্রতিষ্ঠান প্রধানের অসদাচরণ হিসেবে বিবেচিত হবে;
- প্রশিক্ষণ কোর্স পরিচালনার ক্ষেত্রে সরকারি বিধিবিধানসমূহ প্রতিপালন করতে হবে।

সংযুক্তি: বর্ণনামেতাবেক -০৩ ফর্দ

২৩-০৫-২০২৩
মোঃ জিয়াউল আহসান
পরিচালক

প্রকল্প পরিচালক, “নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন (১ম সংশোধিত) সংক্রান্ত প্রকল্প ৭৯/২, কাকরাইল, রমনা, ঢাকা।।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.২১.০০১.২১.৭৬/১ (৫)

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৩ মে ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ২। অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;

- ৩। অধ্যক্ষ, বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, বোর্ডবাজার, গাজীপুর;
- ৪। উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) এবং
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



(Signature)

২৩-০৫-২০২৩
মোঃ সুলতান আহমেদ
সহকারী পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) ৯ম ব্যাচ শিক্ষা প্রশাসন নির্বাচিত মাদ্রাসাসমূহের প্রকল্পের পত্র
- (২) ৯ম ব্যাচ তালিকা শিক্ষা প্রশাসন নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্প